

## 146122 - মেয়ে শিশুর নাম ‘হাওয়া’ রাখা কি জায়েয?

### প্রশ্ন

মেয়ে শিশুর নাম ‘হাওয়া’ রাখা কি জায়েয?

### প্রিয় উত্তর

মেয়ে শিশুর নাম ‘হাওয়া’ রাখা জায়েয। এতে কোন আপত্তি নেই। কেননা যে কোন নাম রাখার মূল বিধান বৈধতা ও জায়েয হওয়া; যতক্ষণ পর্যন্ত না তাতে শরিয়তে নিষিদ্ধ কিছু থাকে কিংবা খারাপ কোন অর্থ থাকে।

আরও জানতে দেখুন: [7180](#) নং প্রশ্নোত্তর।

সালাফদের কাছে এ নামটি মশুর ছিল। নারী সাহাবীদের মধ্যে একজন ছিলেন:

হাওয়া বিনতে ইয়াযিদ বিন আস-সাকান। ইবনুল আছির বলেন: “তিনি আনসারদের মধ্যে বায়াতকারী নারী ছিলেন। যিনি তার স্বামী কাইস বিন আল-খাতিমের আগে ইসলাম গ্রহণ করেছিলেন। তিনি ছিলেন ইয়াযিদ বিন আস-সাকানের মেয়ে।”[সমাপ্ত]

[উসদুল গাবাহ (৭/৭৩) এবং দেখুন: আল-ইসাবা ফি তামিযিস সাহাবা (৭/৫৮৮)]

আল্লাহই সর্বজ্ঞ।